গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সরকারি শিশু পরিবার (বালক)
মিঠাপুকুর, পঞ্চগড়
sspb.panchagarh.gov.bd

স্মারক নম্বরঃ ৪১.০১.৭৭০০.০৩৫.১৬.০০১.২৫. ৯৫০ তারিখঃ ০৫/১০/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ সরকারি শিশু পরিবার (বালক), পঞ্চগড়-এ এতিম শিশু ভর্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন ও সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার (বালক), মিঠাপুকুর, পঞ্চগড়ে ১০০ (একশত) জন এতিম শিশুর (শুধুমাত্র ছেলে) সম্পূর্ণ সরকারি খরচে লালিত-পালিত হওয়ার সুযোগ রয়েছে। প্রতিষ্ঠানটিতে ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে এতিম শিশু ভর্তির বিষয়ে সহযোগিতা প্রদান ও ভর্তি বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ
০১। ভর্তি বিজ্ঞপ্তি-০১ কপি।

০৫/১০/২০২৫
মোঃ ওয়ালিউল হক
উপতত্ত্বাবধায়ক (অঃদাঃ)
ফোনঃ ০২৫৮৭৭১৮১৩৫
ই-মেইলঃsspb.panchagarh@dss.gov.bd

...............................
...............................
...............................

স্মারক নম্বরঃ ৪১.০১.৭৭০০.০৩৫.১৬.০০১.২০. ৯৫০ তারিখঃ ০৫/১০/২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি বিতরণঃ
০১। পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
০৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড়।
০৫। অফিস কপি।

মোঃ ওয়ালিউল হক
উপতত্ত্বাবধায়ক (অঃদাঃ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সরকারি শিশু পরিবার (বালক)
মিঠাপুকুর, পঞ্চগড়
sspb.panchagarh.gov.bd

## ভর্তি বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন ও সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার (বালক), মিঠাপুকুর, পঞ্চগড়ে ১০০ (একশত) জন এতিম শিশুর (শুধুমাত্র ছেলে) সম্পূর্ণ সরকারি খরচে লালিত-পালিত হওয়ার সুযোগ রয়েছে। প্রতিষ্ঠানটিতে বর্তমানে শূন্য আসনে এতিম শিশু ভর্তি চলছে। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপঃ

**যোগ্যতা ও শর্তসমূহ:**

- বয়সঃ শিশুর বয়স ০৬ হতে ০৯ বছর হতে হবে;
- এতিম শিশু (পিতৃহীন অথবা পিতৃমাতৃহীন);
- নাগরিকত্বঃ বাংলাদেশের নাগরিক হতে হবে;

**সুবিধাসমূহ:**

- শিশু বান্ধব মনোরম পরিবেশে ৬-১৮ বছর বয়স পর্যন্ত প্রতিপালন করা হয়;
- সম্পূর্ণ সরকারি খরচে শিক্ষা, চিকিৎসা, বস্ত্র ও আবাসনের সুব্যবস্থা রয়েছে:
- ধর্মীয় শিক্ষক দ্বারা শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান করা হয়;
- সার্বক্ষনিক সিসি ক্যামেরা দ্বারা মনিটরিং করা হয়;
- সাধারণ ও কর্মমুখী ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়;
- বিনোদন, সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মকান্ড পরিচালনা করা হয়;
- মেধাবী শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদান করা হয়;
- মানসিক ও মানবিক উন্নয়নসহ সামাজিকীকরণ;
- প্রতি মাসে ২ দিন অভিভাবকের সাথে সাক্ষাতের সুযোগ;
- চাকুরী প্রাপ্তিতে সহায়তা করা হয়;
- বছরের যেকোন সময় ভর্তি হওয়া যায় (আসন খালি থাকা সাপেক্ষে);

**প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

- নির্ধারিত ফরমে আবেদন (আবেদনপত্র বিনামূল্যে সংশ্লিষ্ট অফিস অথবা অনলাইন থেকে সংগ্রহ করা যাবে);
- শিশু ও অভিভাবকের ২ (দুই) কপি ছবি;
- শিশুর অনলাইন জন্ম সনদের সত্যায়িত ফটোকপি;
- শিশুর মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
- শিশুর পিতার অনলাইন মৃত্যু সনদের সত্যায়িত ফটোকপি;

### যোগাযোগের ঠিকানা:

উপতত্ত্বাবধায়ক
সরকারি শিশু পরিবার (বালক)
মিঠাপুকুর, পঞ্চগড়
মোবাইলঃ ০১৭০৮৪১৪৫২২, ০১৬৪০৩২৮৫৩৪, ০১৭৫৭১২৮৭৬৭